

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
চাঁদপুর।

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)  
[dcf.cdr@dgfood.gov.bd](mailto:dcf.cdr@dgfood.gov.bd)  
<https://food.chandpur.gov.bd>

স্মারক নং ১৩.০৩.১৩০০.০১১.০৯১.১৯. ১৪১১

তারিখঃ ৬/১২/২০১৯

### অকেজো গাড়ি বিক্রয় বিজ্ঞপ্তি


জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর কার্যালয়ের গ্যারেজে রক্ষিত অকেজো ঘোষিত জীপ গাড়ি নং ঢাকা ব-৩৫৬৯ 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে, গাড়ির ব্লু-বুক নেই এবং উহার রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্স টোকেন ও ফিটনেস সনদ 'যে অবস্থায় যে পর্যন্ত নবায়ন আছে' ভিত্তিতে নিলামে বিক্রির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠান আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউলের মূল্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে হিসাব শাখা জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর কার্যালয় হতে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। অফিস খোলার দিন যে কোন সময় গাড়ি পরিদর্শন করা যাবে।

অকেজো ঘোষিত গাড়ির দরপত্র সিডিউল বিক্রি ও দাখিলের শেষ সময় দরপত্র বাস্তব খোলার সময় ও স্থান নিম্নরূপ :

অকেজো ঘোষিত গাড়ির বিবরণ	দরপত্র সিডিউল বিক্রির শেষ সময় ও তারিখ	দরপত্র সিডিউল দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র সিডিউল বিক্রয়কারী ও গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
রেজিঃ নং- ঢাকা ব-৩৫৬৯, তৈরীর সন ১৯৬৯, গাড়ির ধরণ- জীপ (পেট্রোল) সিলিন্ডার সংখ্যা-৬	২৩-১২-২০১৯ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা	২৪-১২-২০১৯ তারিখ বিকাল ২.০০ ঘটিকা	জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁদপুর।	২৪-১২-২০১৯ তারিখ বিকাল ২.৩০ ঘটিকা	

দরপত্রের শর্তাবলী নিম্নরূপ:

- (১) দরপত্র সিডিউল ক্রয় ব্যতীত কোন দরপত্র/দরপত্র সিডিউলের ফটোকপি গ্রহণযোগ্য হবে না।
- (২) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে।
- (৩) প্রাপ্ত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নের পর সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত দর গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ করা হবে।
- (৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ হুমায়ুন কবির)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
চাঁদপুর।

ফোনঃ ০৮৪১-৬৩১৬০

ফ্যাক্সঃ ০৮৪১-৬৩৭১৫

[dcfchandpur@gmail.com](mailto:dcfchandpur@gmail.com)